একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নংঃ স্বাঃ শিঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/এমবিবিএস/২০২০-২০২১/৪৪৪ তারিখ: ০৭-০২-২০২১ খ্রিঃ

**১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান (২০২০-২০২১ শিক্ষাবর্ষ)**
**সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ এর জন্য প্রযোজ্য**

২০২০-২০২১ শিক্ষা বর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য আবেদন বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

০১. বাংলাদেশের নাগরিক যারা ২০১৭ খ্রিঃ বা ২০১৮ খ্রিঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ২০১৯ খ্রিঃ বা ২০২০ খ্রিঃ এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানসহ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ২০১৭ খ্রিঃ পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০২. সকল দেশি ও বিদেশি শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে।

০৩. উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৪. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫০ থাকতে হবে।

০৫. ১০০(একশত) নম্বরের ১০০(একশত)টি এমসিকিউ প্রশ্নের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস: পদার্থবিদ্যা ২০; রসায়নবিদ্যা ২৫; জীববিজ্ঞান ৩০; ইংরেজি ১৫; সাধারণ জ্ঞান: বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ ১০।

০৬. ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর: (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকা তৈরি করা হবে। **লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গন্য হবেন। কেবলমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধা তালিকা সহ ফলাফল প্রকাশ করা হবে।**

০৭. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে ঃ
ক) এসএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ = ৭৫ নম্বর (সর্বোচ্চ)
খ) এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ = ১২৫ নম্বর (সর্বোচ্চ)

০৮. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অনুচ্ছেদ ০৭-এ বর্ণিত পদ্ধতিতে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

০৯. **অনলাইনে আবেদন পুরণ করার সময় নির্দেশাবলি *www.dghs.gov.bd* ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পুরণ করতে হবে। পরীক্ষা ফিসের ১০০০/- (এক হাজার) টাকা শুধু Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।**

১০. **অনলাইনে আবেদন শুরুর তারিখ : ১১-০২-২০২১ খ্রিঃ, বৃহস্পতিবার (দুপুর ১২.০০ টা)**

১১. **অনলাইনে আবেদনের শেষ তারিখ : ০১-০৩-২০২১ খ্রিঃ, সোমবার (রাত ১১:৫৯ মিঃ)**

১২. **অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ ০২-০৩-২০২১ খ্রিঃ মঙ্গলবার (রাত ১১.৫৯ মিঃ)**

১৩. **প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড) : ২০-০৩-২০২১ খ্রিঃ, শনিবার হতে ২৫-০৩-২০২১ খ্রিঃ, বৃহস্পতিবার পর্যন্ত**

১৪. **ভর্তি পরীক্ষার তারিখ : ০২-০৪-২০২১ খ্রিঃ (শুক্রবার, সকাল ১০:০০ টা হতে ১১:০০ টা পর্যন্ত)**

১৫. ***MBBS ভর্তির জন্য Online ফরম পূরণের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য (detail instructions for applicant) website: http://dghs.teletalk.com.bd ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mohfw.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।***

১৬. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।

১৭.১ বাংলাদেশি নাগরিক যারা বিদেশি শিক্ষা (O-Level/A-Level) কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কসসীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/-(দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষার মূল মার্কস সীট ও সনদপত্র প্রযোজ্য ক্ষেত্রে এবং মার্কসসীট ও সনদপত্র সমূহের সত্যায়িত কপি সাথে আনতে হবে।

১৭.২ **বাংলাদেশের নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের মার্কসসীটসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশি দূতাবাস/বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক সত্যায়িত করাতে হবে, অন্যথায় Equivalence Certificate দেয়া যাবে না।**

১৮. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রিঃ মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। উল্লেখ্য ইতোমধ্যে যারা ভর্তি পরীক্ষার জন্য উক্ত কোটায় আবেদন করেছে, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই, তবে চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত মেডিকেল কলেজে ভর্তির সময় মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে। প্রমাণক ভুল প্রমানিত হলে মেডিকেল কলেজে ভর্তির যোগ্য বিবেচিত হবে না। **উপজাতী/পার্বত্য জেলার অ-উপজাতীয় কোটায় আবেদনকারী প্রার্থীদের উপজাতী/পার্বত্য জেলার অ-উপজাতীয় সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে, স্মারক নম্বর/সনদের নম্বর ও তারিখ ছাড়া উক্ত কোটাসমূহে অনলাইন এন্ট্রি হবে না।**

১৯. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমানিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২০. ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট ***www.dghs.gov.bd*** থেকে জানা যাবে।

২১. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে 'ভর্তি পরীক্ষা কমিটি' এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২২. করোনাকালীন সময়ে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হলো।

17/02/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

Scanned with CamScanner

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মাননীয় মন্ত্রী , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস,বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা
১৫. উপাচার্য, চট্রগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৬. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৭. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৮. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
২০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
২১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা
২৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
২৬. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৭. পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২৯. অধ্যক্ষ (সকল সরকারী মেডিকেল কলেজ): ১১. ঢাকা, ১২. স্যার সলিমুল্লাহ, ১৩. শহীদ সোহরাওয়ার্দী, ১৪.ময়মনসিংহ, ১৫ .চট্রগ্রাম, ১৬. রাজশাহী, ১৭. এমএজি ওসমানী-সিলেট, ১৮. শের-ই-বাংলা-বরিশাল, ১৯. রংপুর, ২০. কুমিল্লা, ২১. খুলনা, ২২.শহীদ জিয়াউর রহমান-বগুড়া, ২৩. ফরিদপুর, ২৪. এম আব্দুর রহিম, দিনাজপুর, ২৫.পাবনা, ২৬.আব্দুল মালেক উকিল- নোয়াখালী, ২৭.কক্সবাজার, ২৮. যশোর, ২৯. সাতক্ষীরা, ৩০. শহীদ সৈয়দ নজরুল ইসলাম-কিশোরগঞ্জ, ৩১. কুষ্টিয়া, ৩২. শেখ সায়েরা খাতুন-গোপালগঞ্জ, ৩৩. শহীদ তাজউদ্দীন আহমদ-গাজীপুর, ৩৪. শেখ হাসিনা, টাংগাইল, ৩৫. শেখ হাসিনা, জামালপুর, ৩৬. কর্নেল মালেক, মানিকগঞ্জ, ৩৭. শহীদ এম. মনসুর আলী-সিরাজগঞ্জ, ৩৮. পটুয়াখালী, ৩৯. রাঙ্গামাটি, ৪০. মুগদা, ৪১. শেখ হাসিনা, হবিগঞ্জ, ৪২. নেত্রকোনা, ৪৩. নীলফামারী, ৪৪. নওগাঁ, ৪৫. মাগুরা, ৪৬. চাঁদপুর ও ৪৭. বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ

অধ্যক্ষ, সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ (সকল) ----------------------------------------

৩০. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. অধ্যক্ষ,...................................................................বেসরকারী মেডিকেল (সকল)
৩২. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩৩. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৪. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩৫. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা
৩৬. অফিস কপি

17/02/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

Scanned with CamScanner

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২

স্মারক নং: স্বাঃ শিঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/এমবিবিএস/২০২০-২০২১/৪৪৩ তারিখ: ০৭-০২-২০২১ খ্রিঃ

# (এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা)

**১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা (২০২০-২০২১ শিক্ষাবর্ষ)**
**সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ এর জন্য প্রযোজ্য**

আবেদন 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।

০১. আবেদনকারী বাংলাদেশের নাগরিক হবেন।

০২. যারা ২০১৭ খ্রিঃ বা ২০১৮ খ্রিঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ২০১৯ খ্রিঃ বা ২০২০ খ্রিঃ এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানসহ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা আবেদনের যোগ্য। ২০১৭ খ্রিঃ পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৩. সকল দেশি ও বিদেশি শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে। সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে; তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না। সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে। এই বিষয়টি মেডিকেল কলেজে ভর্তিচ্ছু বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

০৪. অনলাইনে আবেদন পত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভাল ভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে।

০৪.১ MBBS ভর্তি পরীক্ষার Online ফরম পূরণের নিয়মাবলি:-

০৪.২ Website: http://dghs.teletalk.com.bd

০৪.৩ Website এ প্রবেশের আগে নিম্নে বর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সমূহ সাথে রাখতে হবে। এগুলি না থাকলে ফরম পূরণ শেষ না করেই Website থেকে বের হয়ে আসতে হবে। অনলাইনে আবেদন ফরম পুরণ করার পর, **টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে** ১০০০ (এক হাজার) টাকা ফিস অবশ্যই জমা দিতে হবে। ফিস জমা দেয়ার পর আবেদন পত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

০৪.৪ (১) 300 × 300 pixel মাপের নিজের একটি রঙ্গীন ছবি (jpg)। ফাইলের সাইজ 100 KB এর বেশী হবে না। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)

(২) 300 × 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg); (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরি করা ও মিলিয়ে দেখার জন্য Home Page এ একটি Link দেওয়া আছে।

০৪.৫ ৪.৪ এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website এ ঢুকবেন) অথবা Pendrive এ পূর্ব থেকে রাখতে হবে। কম্পিউটারের সাথে প্রিন্টার থাকা প্রয়োজন।

০৪.৬ ইংরেজিতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি) লিখিত ভাবে নিজের কাছে রাখতে হবে।

০৪.৭ ভর্তিচ্ছু মেডিকেল কলেজগুলির নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেওয়া যেতে পারে। কারণ পছন্দক্রম একবার দেওয়ার পর আর বদলানো যাবে না। কলেজ কোডগুলো 11 থেকে 47 (সারণি-২ দ্রষ্টব্য) জানা থাকতে হবে।

০৪.৮ ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে (সারণি-১) প্রয়োজন হবে।

উপরোক্ত তথ্যগুলি এবং সাথে এই নিয়মাবলির একটি কপি প্রস্তুত থাকলে-

০৪.৯ http://dghs.teletalk.com.bd ক্লিক করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলির একটি সংযোগ দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।

০৪.১০ এখানে দুটি অপশন আছে। একটি যারা SSC/HSC/Alim ইত্যাদি পাশ করেছে তাদের জন্য; আরেকটি যারা O- Level/A-Level বা বিদেশ থেকে পাশ করেছে। দ্বিতীয় ধরনের প্রার্থীদের Director, Medical Education এর কাছ থেকে ফরম পূরণের পূর্বেই Equivalent Certificate ID সংগ্রহ করতে হবে। ID ছাড়া ফরম পূরণ করা যাবে না।

০৪.১১ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে Next হাইলাইট হবে এবং সেটা ক্লিক করুন। দ্বিতীয় পৃষ্ঠা আসবে।

০৪.১২ এখানে SSC, HSC ইত্যাদির Roll Number, Registration Number, Board, Year পূরণ করতে হবে। প্রার্থীর উপজাতীয় কোটায় সুযোগ থাকলে তাকে Tribal/Hilltract's non tribal Quota (অনুচ্ছেদ ১৩) বাটন ক্লিক করতে হবে। এটা ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতীর সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবে না এবং উপজাতীর কোটায় নির্ধারিত GPA ৮.০০ কার্যকরী হবে না। **উপজাতী/পার্বত্য জেলার অ-উপজাতী কোটায় আবেদনকারী প্রার্থীদের উপজাতী/পার্বত্য জেলার অ-উপজাতীয় সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে স্মারক নম্বর/সনদের নম্বর ও তারিখ ছাড়া উপজাতী/পার্বত্য জেলার অ-উপজাতী কোটায় অনলাইনে এন্ট্রি হবে না।** কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে। পরে এই অপশন বদল করার কোন সুযোগ নেই।

০৪.১৩ এখানে কোন কিছু ভুল হলে Reset ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব তথ্য সঠিকভাবে পূরণ হলে Next ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।

০৪.১৪ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্মতারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটারগ্রেডসমূহ এবং গ্রেড



Scanned with CamScanner

পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে। (O level/A level প্রার্থীরা তাদের অপশনে গিয়ে নিজেরা পূরণ করবেন)।

০৪.১৫ পরীক্ষার সময় ইংরেজি প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজি অপশন পূরণ করতে হবে।

০৪.১৬ Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলার কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে ভর্তির জন্য সময় সে জেলার সার্টিফিকেট দেখাতে না পারলে বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।

০৪.১৭ পূর্বের পৃষ্ঠায় **Tribal Quota** এ ক্লিক করে থাকলে, এখানে **Tribal Quota** লিস্ট (সারণি-৪) থেকে একটি নির্বাচন করতে হবে।

০৪.১৮ মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি: মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। উল্লেখ্য ইতোমধ্যে যারা ভর্তি পরীক্ষার জন্য উক্ত কোটায় আবেদন করেছে, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই, তবে চুড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত মেডিকেল কলেজে ভর্তির সময় মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে (সংযুক্তি-ক দ্রষ্টব্য)। প্রমাণক ভুল প্রমানিত হলে মেডিকেল কলেজে ভর্তির যোগ্য বিবেচিত হবে না। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। (মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যন্য বিধি বিধান অনুসরণ করা হবে)।

০৪.১৯ এরপর Present Address ও Permanent Address পূরণ করতে হবে। তারকা চিহ্নিত অংশ পূরণ করতেই হবে। না করলে পরের পৃষ্ঠায় যাওয়া যাবে না। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

০৪.২০ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালিন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। দ্বিতীয় ঘরে দ্বিতীয় মোবাইল নম্বর দেওয়া উচিৎ, প্রয়োজনে যোগাযোগের জন্য।

০৪.২১ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম পাশের কলেজের লিষ্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে কলেজগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। কলেজ পছন্দের তালিকায় কমসংখ্যক কলেজের নাম থাকলে মেধা তালিকায় থাকা সত্বেও অপেক্ষমান তালিকায় নাম চলে যাওয়া এবং আসন না পাওয়ার সম্ভাবনা বেশি থাকে।এখানে কোনভাবেই ভুল করা যাবে না।

০৪.২২ এবার পূর্ব থেকে তৈরি করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

০৪.২৩ Validation Code যেভাবে দেওয়া আছে সেভাবে টাইপ করতে হবে।

০৪.২৪ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে **Submit** ক্লিক করতে হবে।

০৪.২৫ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে থাকবে।

০৪.২৬ এই পৃষ্ঠায় একটি User ID নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক **Prepaid** মোবাইল থেকে দরখাস্তের ফিস জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষরসহ সকল তথ্য দেখা যাবে। এই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখা উচিৎ। **কেননা এই ছবি ও স্বাক্ষরেই তিনি সর্বত্র পরিচিত হবেন।**

০৪.২৭ এ পৃষ্ঠায় যদি কোন ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই। কারিগরি সহায়তার জন্য যে কোন টেলিটক নম্বর হইতে ১২১ অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০১২১১২১ নম্বরে এ রাত দিন ২৪ ঘন্টা কল করা যাবে।

০৪.২৮ **Prepaid** টেলিটকের মাধ্যমে ফিস জমা দিলে User ID ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে। **ফরম পুরনের সময় লেখা স্টার চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল হলে চলবে। এই User ID ও Password দিয়ে ২০-০৩-২০২১খ্রিঃ, শনিবার থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।**

০৪.২৯ শুধু ফিসের টাকা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। প্রয়োজনীয় SMS ফরম পূরণের সময় প্রদানকৃত মোবাইল নম্বরে দেওয়া হবে।

০৪.৩০ **ফিস জমা দেয়ার পদ্ধতি:**

(ক) টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBS লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

*উদাহরণ:* MBBS**<Space>FRLGCT Type** করে **Send** করুন **16222** নম্বরে। এখানে **FRLGCT** হলো ফরম পূরণ করে পাওয়া User ID ।

ফিরতি SMS-এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফিস হিসেবে ১০০০/- (এক হাজার ) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) Message অপশনে গিয়ে MBBS লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ চারটি **Centre Code** (১ নং সারণিতে) কমা (,) দিয়ে (উদাহরণ: নিচে দেওয়া হলো) লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

*উদাহরণ:* MBBS**<Space>YES<Space> 456789<Space> 15,16,22,51 Type** করে **Send** করুন **16222** নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং **15,16,22,51** নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের Prepaid মোবাইল থেকে পরীক্ষার ফিস বাবদ ১০০০/- (একহাজার) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS-এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID ও Password দেওয়া হবে।

০৪.৩১ ২০-০৩-২০২১খ্রিঃ, শনিবার থেকে প্রার্থী উক্ত User ID ও Password দিয়ে তাহার প্রবেশ পত্র Download করে প্রিন্ট নিবেন।

০৪.৩২ প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি SMS-এ জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS এবং DGHS-এর ওয়েবসাইট www.dghs.gov.bd এর মাধ্যমে জানানো হবে। সারণি-১ এ পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড দেওয়া হলো।

**উল্লেখ্য যে শুধুমাত্র O/A Level কার্যক্রমে পাশকৃত দেশী ছাত্র/ছাত্রী ও ঢাকা বোর্ডের এইচএসসি পাস ছাত্র-ছাত্রীরা Centre Code : 11 এবং**



Scanned with CamScanner

13 পছন্দ করতে পারবেন। বাকি Centre Code গুলি যে কোন প্রার্থী পছন্দ করতে পারবেন।

**Download** করা প্রবেশ পত্র এবং এইচএসসি/সমমান পরীক্ষার **Registration** ফরম পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

## সারণি-১ : বিভিন্ন মেডিকেল কলেজ, আসন সংখ্যা ও পরীক্ষা কেন্দ্রের নাম

| College Code | College Name<br>Examination Centre | No.of Applicant (Maximum) | Extra Seat Allocation | Grand Total |
|---|---|---|---|---|
| 11 | Dhaka Medical College, Dhaka | 16000 | | 16000 |
| 12 | Sir Salimullah Medical College, Dhaka | 7000 | | 7000 |
| 13 | Shaheed Suhrawardy Medical College, Dhaka | 12000 | | 12000 |
| 14 | Mymensingh Medical College, Mymensingh | 12000 | 5000 | 17000 |
| 15 | Chattogram Medical College, Chattogram | 8000 | 5000 | 13000 |
| 16 | Rajshahi Medical College, Rajshahi | 8000 | 3000 | 11000 |
| 17 | M.A.G. Osmani Medical College, Sylhet | 6000 | | 6000 |
| 18 | Sher-E-Bangla Medical College, Barishal | 3000 | | 3000 |
| 19 | Rangpur Medical College, Rangpur | 6000 | 1000 | 7000 |
| 20 | Cumilla Medical College, Cumilla | 5000 | | 5000 |
| 21 | Khulna Medical College, Khulna | 5000 | | 5000 |
| 22 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura | 4000 | 1000 | 5000 |
| 23 | Faridpur Medical College, Faridpur | 7000 | | 7000 |
| 24 | M Abdur Rahim Medical College, Dinajpur | 3000 | | 3000 |
| 25 | Pabna Medical College, Pabna | 2000 | | 2000 |
| 30 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj | 2000 | | 2000 |
| 32 | Sheikh Sayera Khatun Medical College, Gopalganj | 3000 | | 3000 |
| 40 | Mugda Medical College, Dhaka | 5000 | | 5000 |
| 51 | Dhaka Dental College, Dhaka | 7000 | | 7000 |
| | Total | 121000 | | 136000 |

## সারণি-২ : বিভিন্ন মেডিকেল কলেজের নাম ও আসন সংখ্যা

| College Code | College Name | General Seats | FF Seats | Tribal Seats | Total Seats |
|---|---|---|---|---|---|
| 11 | Dhaka Medical College, Dhaka | 226 | 4 | 0 | 230 |
| 12 | Sir Salimullah Medical College, Dhaka | 226 | 4 | 0 | 230 |
| 13 | Shaheed Suhrawardy Medical College, Dhaka | 196 | 4 | 0 | 200 |
| 14 | Mymensingh Medical College, Mymensingh | 226 | 4 | 0 | 230 |
| 15 | Chattogram Medical College, Chattogram | 226 | 4 | 0 | 230 |
| 16 | Rajshahi Medical College, Rajshahi | 226 | 4 | 0 | 230 |
| 17 | M.A.G. Osmani Medical College, Sylhet | 226 | 4 | 0 | 230 |
| 18 | Sher-E-Bangla Medical College, Barisal | 226 | 4 | 0 | 230 |
| 19 | Rangpur Medical College, Rangpur | 226 | 4 | 0 | 230 |
| 20 | Cumilla Medical College, Cumilla | 177 | 3 | 0 | 180 |
| 21 | Khulna Medical College, Khulna | 177 | 3 | 0 | 180 |
| 22 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura | 177 | 3 | 0 | 180 |
| 23 | Faridpur Medical College, Faridpur | 177 | 3 | 0 | 180 |
| 24 | M Abdur Rahim Medical College, Dinajpur | 177 | 3 | 0 | 180 |
| 25 | Pabna Medical College, Pabna | 68 | 2 | 0 | 70 |
| 26 | Abdul Malek Ukil Medical College, Noakhali. | 67 | 2 | 1 | 70 |
| 27 | Cox's Bazar Medical College, Cox's Bazar | 67 | 2 | 1 | 70 |
| 28 | Jashore Medical College, Jashore | 67 | 2 | 1 | 70 |
| 29 | Sathkhira Medical College, Sathkhira | 62 | 2 | 1 | 65 |
| 30 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj | 62 | 2 | 1 | 65 |
| 31 | Kushtia Medical College, Kushtia | 62 | 2 | 1 | 65 |
| 32 | Sheikh Sayera Khatun Medical College, Gopalganj | 62 | 2 | 1 | 65 |
| 33 | Shaheed Taj Uddin Ahmad Medical College, Gazipur | 70 | 2 | 0 | 72 |
| 34 | Sheikh Hasina Medical College, Tangail | 62 | 2 | 1 | 65 |
| 35 | Sheikh Hasina Medical College, Jamalpur | 62 | 2 | 1 | 65 |
| 36 | Colonel Malek Medical College, Manikganj | 72 | 2 | 1 | 75 |
| 37 | Shaheed M Monsur Ali Medical College, Sirajganj | 63 | 1 | 1 | 65 |
| 38 | Patuakhali Medical College, Patuakhali | 49 | 1 | 1 | 51 |
| 39 | Rangamati Medical College, Rangamati | 36 | 1 | 1+13 (HT resv) | 51 |
| 40 | Mugda Medical College, Mugda, Dhaka | 73 | 2 | 0 | 75 |
| 41 | Sheikh Hasina Medical College , Hobiganj | 49 | 1 | 1 | 51 |
| 42 | Netrokona Medical College, Netrokona | 48 | 1 | 1 | 50 |
| 43 | Nilphamari Medical College, Nilphamari | 48 | 1 | 1 | 50 |
| 44 | Naogaon Medical College, Naogaon | 48 | 1 | 1 | 50 |
| 45 | Magura Medical College, Magura | 48 | 1 | 1 | 50 |
| 46 | Chandpur Medical College, Chandpur | 48 | 1 | 1 | 50 |
| 47 | Bangabandhu Medical College, sunamganj. | 48 | 1 | 1 | 50 |
| | Total= | 4230 | 87 | 20+13 | 4350 |



Scanned with CamScanner

০৫. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শুরুর তারিখ: আগামী ১১/০২/২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার (দুপুর : ১২.০০ টা)

০৬. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ০১-০৩-২০২১খ্রিঃ তারিখ সোমবার (রাত্র ১১.৫৯মিঃ পর্যন্ত), এরপর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৭. ভর্তি পরীক্ষার তারিখ : ০২-০৪-২০২১খ্রিঃ রোজ শুক্রবার সকাল ১০.০০ থেকে ১১.০০ ঘটিকা। ০১ (এক) ঘন্টা। সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান কর্তৃক নির্ধারিত স্থানে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৮. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।

০৯. প্রার্থী মুল্যায়ন পদ্ধতি ও নম্বর বিভাজন:

০৯.১ এসএসসি ও এইচএসসি এর জিপিএ এবং লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মুল্যায়ন করা হবে।
এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুণ = ৭৫ নম্বর (সর্বোচ্চ)
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুণ = ১২৫ নম্বর (সর্বোচ্চ)
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা =১০০ নম্বর মোট ৩০০ নম্বর

০৯.২ লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি ) = ১০০ নম্বর। **বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিদ্যা ২০; রসায়নবিদ্যা ২৫; জীববিজ্ঞান ৩০; ইংরেজি ১৫; সাধারণ জ্ঞান: বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ ১০।**

০৯.৩ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকা তৈরি করা হবে। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে **এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যুনতম ৪০ নম্বর পেতে হবে।**
**লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গন্য হবেন। শুধু কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করা হবে।**

০৯.৪ পূর্ববর্তী বৎসরে কোন আবেদনকারী যদি সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তি হয়ে থাকেন, সেক্ষেত্রে অনলাইন ফরম পূরণ করার সময় ২০২০-২০২১ সালে সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিটের ভর্তির অপসনে "Yes" এ ক্লিক করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের অনুমতি গ্রহণ করতে হবে। যদি কেহ তথ্য গোপন করে "No" অপসনে ক্লিক করেন এবং তা পরবর্তিতে প্রমানিত হয় সে ক্ষেত্রে ভর্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯.৫ ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চুড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।
উত্তরপত্র "ওএমআর/আইসিআর" (OMR/ICR) মেশিনে পরীক্ষা করা হবে।

**১০. আগামি ১১-০২-২০২১ খ্রিঃ তারিখ থেকে ০১-০৩-২০২১ খ্রিঃ পর্যন্ত উল্লিখিত নিয়মে অনলাইনে ভর্তি ফরম পুরণের সুযোগ থাকবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে যদি কোন ছাত্র/ছাত্রী এইচএসসি এর সমমান পরীক্ষায় উর্ত্তীর্ণ হন, তবে তিনি একই শিক্ষাবর্ষে সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ এ ভর্তির জন্য যোগ্য হবেন না।**

১১. বিদেশি শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করতে হবে। বাংলাদেশের নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের মার্কসীটসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস এবং বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক সত্যায়িত করাতে হবে, অন্যথায় Equivalence Certificate দেওয়া যাবে না।

১২. সরকারি এমবিবিএস কোর্সে মোট আসন সংখ্যার বিভাজন ২নং সারণিতে দেওয়া আছে।

১৩. উপজাতী কোটাসমূহের কোড ৪নং সারণিতে দেওয়া আছে।

সারণি-৩ : MBBS মোট আসন সংখ্যার বিবরণ

| | | |
|---|---|---|
| General Seats | 4230 | **MBBS: Grand Total: 4350** |
| FF Seats (2%) | 87 | |
| Tribal(3Hill Tracts) 3x3 | 09 | |
| Non-Tribal (3 Hill Tracts) | 03 | |
| Tribal (Other districs) | 08 | |
| Tribal Resv. for Rangamati Medical College | 13 | |

সারণি-৪ : উপজাতী প্রার্থীদের জন্য কোড

| Code | Quota Name |
|---|---|
| 71 | Rangamati Tribal |
| 72 | Rangamati Non-Tribal |
| 73 | Khagra Chari Tribal |
| 74 | Khagra Chari Non-Tribal |
| 75 | Bandarban Tribal |
| 76 | Bandarban Non-Tribal |
| 77 | Tribal other than Hill-Tracts |



Scanned with CamScanner

১৪. জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:

১৪.১ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী কৃতকার্য পরীক্ষার্থীদের জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) প্রকাশ করা হবে।

১৪.২ সরকারি মেডিকেল কলেজ-এ ভর্তির জন্য মুক্তিযোদ্ধা, উপজাতী ও অ-উপজাতীদের জন্য নির্ধারিত আসন বাদে অবশিষ্ট আসনে জাতীয় মেধায় ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হবে। একই সাথে যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকাও প্রকাশ করা হবে। সংরক্ষিত আসনসমূহে ও নিজ নিজ শ্রেনির দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রেও যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয়ভাবে নির্ধারন করা হবে।

১৪.৩ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ২% আসন মোট আসনের মধ্যে সীমিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানরা আবেদন করতে পারবে।

১৪.৪ জাতীয়ভাবে গৃহীত এমবিবিএস ভর্তি পরীক্ষায় যে সকল প্রার্থী বেসরকারি মেডিকেল কলেজে এ ভর্তি হতে চান, মেধা অনুযায়ী তাদের মধ্যে থেকে একটা নির্দিষ্ট সংখ্যা পর্যন্ত বেসরকারি মেডিকেল কলেজ এ ভর্তি পরীক্ষায় উপযুক্ত ঘোষণা করা হবে। উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃপক্ষ উক্ত তালিকার ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে তাঁর কলেজে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দরখাস্ত আহবান করবেন। প্রাপ্ত আবেদন হতে মেধাতালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। প্রতিটি প্রতিষ্ঠান প্রতি দফায় ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পূর্ণাঙ্গ তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর (পরিচালক, চিকিৎসা শিক্ষা) এর বরাবরে প্রেরণ করবেন।

১৫. মাইগ্রেশন বা কলেজ বদলি (সরকারি মেডিকেল কলেজ এর জন্য প্রযোজ্য)
ভর্তির জন্যে নির্ধারিত তারিখ শেষে শুন্য আসনসমুহের বিপরিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও কলেজ পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ দেয়া হবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে। বর্ণিত নিয়ম ব্যতিত অন্য কোনভাবে এক মেডিকেল কলেজ হতে অন্য মেডিকেল কলেজে বদলি হওয়া বা করা যাবে না।

**১৬. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে:**

১৬.১ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

১৬.২ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেস্টিমোনিয়াল।

১৬.৩ জেলা কোটার দাবির ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।

১৬.৪ দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

১৬.৫ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলা প্রশাসকের সনদ এবং অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র।

১৬.৬ মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি: মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।

১৭. পরীক্ষায় অবতীর্ণ/ নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা ফলাফল নির্ধারণে বিবেচিত হয়েছে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার পরীক্ষা/ফলাফল/ভর্তি বাতিল বলে গন্য হবে।

**১৮. কোন প্রার্থী/আবেদনকারি মুক্তিযোদ্ধা ও উপজাতীর কোটা ভুল করে পুরন করলে সাথে সাথেই নতুন ভাবে (টাকা জমা দেওয়ার পূর্বে) ফরম পূরণ করতে হবে। কারণ, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে, পরবর্তীতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজ-পত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারণ বরাদ্দের কোন সুযোগ থাকবে না।**

১৯. ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। যে কোন কেন্দ্র হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন একই কথা।

**২০. যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

**২১. করোনাকালীন সময়ে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হলো।**

17/02/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com



Scanned with CamScanner

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা
১৫. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৬. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৭. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৮. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
২০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
২১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৩ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা
২৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
২৬. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৭. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২৯. অধ্যক্ষ (সকল সরকারী মেডিকেল কলেজ): ১১. ঢাকা, ১২. স্যার সলিমুল্লাহ, ১৩. শহীদ সোহরাওয়ার্দী, ১৪.ময়মনসিংহ, ১৫ .চট্টগ্রাম, ১৬. রাজশাহী, ১৭. এমএজি ওসমানী-সিলেট, ১৮. শের-ই-বাংলা-বরিশাল, ১৯. রংপুর, ২০. কুমিল্লা, ২১. খুলনা, ২২.শহীদ জিয়াউর রহমান-বগুড়া, ২৩. ফরিদপুর, ২৪. এম আব্দুর রহিম, দিনাজপুর, ২৫.পাবনা, ২৬.আব্দুল মালেক উকিল- নোয়াখালী, ২৭.কক্সবাজার, ২৮. যশোর, ২৯. সাতক্ষীরা, ৩০. শহীদ সৈয়দ নজরুল ইসলাম-কিশোরগঞ্জ, ৩১. কুষ্টিয়া, ৩২. শেখ সায়েরা খাতুন-গোপালগঞ্জ, ৩৩. শহীদ তাজউদ্দীন আহমদ-গাজীপুর, ৩৪. শেখ হাসিনা, টাংগাইল, ৩৫. শেখ হাসিনা, জামালপুর, ৩৬. কর্নেল মালেক, মানিকগঞ্জ, ৩৭. শহীদ এম. মনসুর আলী-সিরাজগঞ্জ, ৩৮. পটুয়াখালী, ৩৯. রাঙ্গামাটি, ৪০. মুগদা, ৪১. শেখ হাসিনা, হবিগঞ্জ, ৪২. নেত্রকোনা, ৪৩. নীলফামারী, ৪৪. নওগাঁ, ৪৫. মাগুরা, ৪৬. চাঁদপুর ও ৪৭. বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ
অধ্যক্ষ, সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ (সকল) ------------------------------------------
৩০ যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. অধ্যক্ষ,...........................................................................বেসরকারী মেডিকেল (সকল)
৩২ রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩৩ জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৪. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩৫ সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা
৩৬ অফিস কপি

17/02/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com



Scanned with CamScanner

সংযুক্তি 'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহণ পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(সনদ অধিশাখা)
(www.molwa.gov.bd)

তারিখ ০২ কার্তিক ১৪২৭ / ১৮ অক্টোবর ২০২০

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫

**পরিপত্র**

বিষয়: মুক্তিযোদ্ধা কোটায় চাকুরীতে নিয়োগ, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি, পি আর এল সংক্রান্ত ও অন্যান্য সুবিধা প্রাপ্তির প্রমাণক যাচাই/প্রত্যয়ন প্রসঙ্গে।

সূত্র: ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১১০.০০.০৫৯.০৯-১১৩৮; তারিখ: ১৯.০৭.২০১৭খ্রি:।
খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭.৭৭২; তারিখ: ১৯.০৬.২০১৭খ্রি: ।
গ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭.২৫; তারিখ: ১৭.০১.২০১৮খ্রি: ।
ঘ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.(অংশ-১).২০১৮/২০৯; তারিখ: ০৫.০৩.২০১৮খ্রি:।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯/০৭/২০১৭ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১১০.০০.০৫৯.০৯-১১৩৮ নং স্মারকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ, ভর্তি ও PRL সংক্রান্ত বিষয়ে বীর মুক্তিযোদ্ধাদের তথ্যাবলি যাচাইপূর্বক প্রত্যয়নের কার্যক্রম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিবর্তে স্ব-স্ব প্রশাসনিক মন্ত্রণালয়/ অধীনস্ত দপ্তর/ অধিদপ্তর/ সংস্থা ও বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পন্ন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয় (সূত্র-ক)। সে ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা বা বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/ পোষ্যদের মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ, ভর্তি, অবসর উত্তর ছুটি (পি. আর. এল), ব্যাংক ঋণ, চিকিৎসা সেবাসহ অন্যান্য সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এ সংরক্ষিত/প্রদর্শিত নিম্নবর্ণিত যে কোন একটি প্রমানক থাকলে তা সঠিক ও গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে।

(ক) ভারতীয় তালিকা:
(১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা;
(২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা);
(৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা);
(৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর);
(৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী);

(খ) লাল মুক্তিবার্তা:
(১) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই);
(২) লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা;

(গ) গেজেট:
(১) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট;
(২) প্রবাসে বিশ্ব জনমত গেজেট;
(৩) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট;
(৪) বিসিএস গেজেট;
(৫) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট;
(৬) বীরাঙ্গনা গেজেট;
(৭) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট;
(৮) ন্যাপ কমিউনিষ্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট;
(৯) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট;
(১০) মুজিবনগর গেজেট;

২৬

Scanned with CamScanner

(ঘ) বাহিনী গেজেট:

(১) সেনাবাহিনী গেজেট;

(২) নৌবাহিনী গেজেট;

(৩) বিমানবাহিনী গেজেট;

(৪) বিজিবি গেজেট;

(৫) পুলিশ বাহিনী গেজেট;

(৬) আনসার বাহিনী গেজেট;

(৭) নৌ-কমান্ডো গেজেট;

(ঙ) শহীদ গেজেট:

(১) শহীদ বেসামরিক গেজেট;

(২) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট;

(৩) শহীদ বিজিবি গেজেট;

(৪) শহীদ পুলিশ গেজেট;

(চ) খেতাব প্রাপ্ত:

(১) খেতাবপ্রাপ্ত গেজেট;

(ছ) যুদ্ধাহত:

(১) যুদ্ধাহত গেজেট;

(২) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট;

(৩) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট;

(৪) যুদ্ধাহত সেনা গেজেট;

০২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.molwa.gov.bd) এবং বর্ণিত প্রমানক/ গেজেট যাচাই পূর্বক মুক্তিযোদ্ধার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হবেন এবং প্রাপ্য সুবিধা প্রদানের কার্যকরি ব্যবস্থা গ্রহণ করবেন। যেহেতু বীর মুক্তিযোদ্ধাদের অনুকূলে সাময়িক সনদ প্রদান করা হচ্ছে না সেহেতু বীর মুক্তিযোদ্ধাদের যথার্থতা নির্ণয়ে সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) সনদ প্রযোজ্য হবে না।

০৩। বীর মুক্তিযোদ্ধার বয়স সংক্রান্ত পরিপত্র স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫, তারিখ: ১৭-০১-২০১৮ খ্রি: বহাল থাকবে (সূত্র-গ)।

০৪। উপর্যুক্ত প্রমানক/ গেজেটের কোন একটিতে ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নাম না থাকলে মুক্তিযোদ্ধা কোটায় কোন সুবিধা প্রাপ্য হবেন না।

০৫। উপর্যুক্ত বর্ণনা মোতাবেক কোন প্রকার অস্পষ্টতা দেখা দিলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, দপ্তর, অধিদপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃপক্ষ এ মন্ত্রণালয়ে পত্রালাপ করতে পারবেন।

০৬। ইতিপূর্বে জারিকৃত:

(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭.৭৭২; তারিখ: ১৯.০৬.২০১৭খ্রি: (সূত্র-ঋ)

(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০,০২.১০.২৬২৪.(অংশ-১).২০১৮/২০৯; তারিখ: ০৫.০৩.২০১৮খ্রি: (সূত্র-ঘ)

এতদ্বারা অকার্যকর/বাতিল করা হল।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।

(মোঃ শহীদুল হক ভূঁঞা এন.ডি.সি)
অতিরিক্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

Scanned with CamScanner

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ | তারিখ: ০২ কার্তিক ১৪২৭ / ১৮ অক্টোবর ২০২০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও তাঁর অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/ কার্যালয়/ সংস্থাকে অবহিত করার অনুরোধসহ।**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনা বাহিনী সদর দপ্তর, ঢাকা/নৌবাহিনী প্রধান, বাংলাদেশ নৌবাহিনী সদর দপ্তর, ঢাকা/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা।
৩. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫. চেয়ারম্যান, সরকারি কর্ম কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা /চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সিনিয়র সচিব/সচিব, (সকল মন্ত্রণালয়/বিভাগ),......................................বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ সদর দপ্তর, ঢাকা।/মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, সদর দপ্তর, পিলখানা, ঢাকা।
৯. চেয়ারম্যান, সকল রাষ্ট্রায়ত্ত ব্যাংক।
১০. মহাপরিচালক আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা/ মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, কার্গো আডমিন বিল্ডিং, কুর্মিটোলা, ঢাকা।
১১. বিভাগীয় কমিশনার ......................................................(সকল)।

**অবগতি ও কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

১. জেলা প্রশাসক/পুলিশ সুপার.............................................(সকল)-(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপ সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-(মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপ সচিব (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-(পত্রটি মন্ত্রণালয়ের Website-এ প্রকাশ করার অনুরোধসহ)।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-(পত্রটি মন্ত্রণালয়ের Website-এ প্রকাশ করার অনুরোধসহ)।
৭. অফিস কপি।

১৮/১০/২০২০
(ডাঃ দুলাল কৃষ্ণ রায়)
উপসচিব (সনদ)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

Scanned with CamScanner